

মিডল স্কুলে ভর্তির আবেদন করুন (এবং সকল অডিশন জমা দিন) 1 মার্চ-এর মধ্যে।

প্রিয় পরিবারবর্গ,

মিডল স্কুলে ভর্তির জন্য 1 মার্চ-এর মধ্যে আবেদনের কথা আন্তরিকভাবে স্মরণ করিয়ে দিচ্ছি। আপনার সন্তানের আবেদন শেষ তারিখের মধ্যে জমাদান করা হলো আপনার পছন্দের একটি প্রোগ্রামে অফার লাভের সেরা সুযোগ।

- **ইতোমধ্যে আবেদন করেছেন?** বেশ, তাহলে আপনার জন্য সব প্রস্তুত!
- **এখনও আবেদন করেননি?** আপনি যদি ফল-এ (হেমন্তে) করবেন তার পরিকল্পনা না-ও করে থাকেন, এখন আবেদনে কোনো ক্ষতি নেই।

কীভাবে আবেদন করতে হবে

1. মিডল স্কুল বাছাইয়ের বিভিন্ন সুযোগ সম্পর্কে জানতে আপনার [MySchools.nyc](https://www.schools.nyc.gov) (মাইস্কুলস) অ্যাকাউন্টে লগ ইন করুন।
2. আপনার আবেদনপত্রে সর্বোচ্চ 12টি বেছে নেওয়া প্রোগ্রাম যোগ করুন। আপনার প্রকৃত অগ্রাধিকারের ক্রমানুসারে। পছন্দগুলোকে সাজান সর্বাধিক পছন্দের প্রোগ্রামটিকে #1-এ স্থান দিয়ে। এরচেয়ে ভাল কোনো কৌশল নেই।
3. নিচে প্রদত্ত উপায়গুলোর যেকোনো একটির মাধ্যমে আবেদন করুন:
 - **অনলাইনে [MySchools.nyc](https://www.schools.nyc.gov) (মাইস্কুলস)** --সুপারিশকৃত!
 - আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের মাধ্যমে (DOE পাবলিক স্কুল বা চার্টার স্কুল পরিবার) কিংবা [Family Welcome Center](https://www.familywelcomecenter.org) (ফ্যামিলি ওয়েলকাম সেন্টার)-এ গিয়ে (বেসরকারি বা ধর্মীয় স্কুলের পরিবার)

অডিশন প্রোগ্রামসমূহের প্রতি আগ্রহী?

কিছু কিছু প্রোগ্রামের জন্য আবেদনকারীদেরকে একটি ভার্চুয়াল অডিশন জমা দিতে হবে 1 মার্চ-এর আগে। এ সপ্তাহ থেকে শুরু করে আগ্রহী শিক্ষার্থীরা অডিশন ফাইল সরাসরি অনলাইনে তাদের মাইস্কুলস (MySchools) অ্যাকাউন্ট-এর মাধ্যমে জমা দিতে পারবে। নির্দিষ্ট প্রোগ্রামগুলোর জন্য কীভাবে অডিশন প্রস্তুত করতে হয়, জেনে নিন schools.nyc.gov/MSAuditions ওয়েবপেজ থেকে।

আরও জানুন

- schools.nyc.gov/Middle দেখুন
- ভিডিও দেখুন, কীভাবে একটি মাইস্কুলস অ্যাকাউন্ট তৈরি করতে হয় এবং [মিডল স্কুলে ভর্তির আবেদন করতে হয়](https://schools.nyc.gov/MSAuditions)
- **কোনো প্রশ্ন আছে কি?** আপনার সন্তানের স্কুল কাউন্সিলারের সাথে কথা বলুন, একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](https://www.familywelcomecenter.org) থেকে সহায়তা নিন বা 718-935-2009 নম্বরে ফোন করুন।

শুভেচ্ছান্তে,

মিডল স্কুল অ্যাডমিশন টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে আমাদের মিডল স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। মিডল স্কুল অ্যাডমিশন বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা **আনসাবস্ক্রাইব করতে চাইলে, অনুগ্রহ করে এখানে** ক্লিক করুন।